দৈনিক সংবাদ

তারিখ 21 JAN 1986
পৃষ্ঠা 8 কলাম 8

028

# পরীক্ষা সংস্কার কমিটির কর্মসূচী

পরীক্ষা সংস্কার কমিটি বর্তমান শিক্ষাব্যবস্থা সম্পর্কে জনমত জানার জন্য দশটি নির্বাচিত কেন্দ্রে ২৪শে জানুয়ারী থেকে বিশিষ্ট ব্যক্তিদের সাথে বৈঠকে মিলিত হবেন। সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে গতকাল সোমবার বাসস এখবর দেয়।

কমিটির সিদ্ধান্ত অনুসারে টিমের সদস্যরা জনসাধারণের বিবেচনার জন্য ওইসব কেন্দ্রে পরীক্ষা সংস্কারের বিভিন্ন দিক ব্যাখ্যা দেবেন। এসব কেন্দ্রে হচ্ছে রাজশাহী, রংপুর, যশোর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, ঢাকা ও ময়মনসিংহ।

বিভিন্ন পেশার লোকদের কাছে তিরিশ হাজার প্রশ্নমালা বিতরণ করা হয়েছে। তাদের নিজেদের মতামত জানতে বৈঠকে উপস্থিত হতে বলা হয়েছে। কমিটির সফরকারী টিম এসব মতামত সযত্নে তালিকাভুক্ত করবেন।